

যুগান্তর

বশেমুরবিপ্রবি

শিক্ষার্থীদের 'নর্দমার কীট বলা' শিক্ষকের অব্যাহতি দাবি

প্রকাশ : ১৫ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 গোপালগঞ্জ প্রতিনিধি

শিক্ষার্থীদের নর্দমার কীট বলে ফেসবুকে স্ট্যাটাস দেয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সেই শিক্ষক তরিকুল ইসলামের অব্যাহতি চেয়ে অবস্থান কর্মসূচি পালন করেছে ওই বিভাগের শিক্ষার্থীরা। সোমবার বেলা ১টায় নিজ বিভাগের সামনে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে এ কর্মসূচি পালন করেন। বশেমুরবিপ্রবি'র সাবেক ভিসি অধ্যাপক ড. খেন্দকার নাসির উদ্দিনের পদত্যাগ দাবিতে আন্দোলন চলাকালে শিক্ষার্থীদের নর্দমার কীট বলে ফেসবুকে স্ট্যাটাস দেন ওই শিক্ষক। গণিত বিভাগের শিক্ষার্থীরা জানান, তারা নেতৃত্বাত্মক স্থান থেকে শিক্ষক তরিকুল ইসলামকে বিভাগের সব একাডেক্ষিম কার্যক্রম থেকে বর্জন করেছেন। তাকে এ কার্যক্রম থেকে অব্যাহতি না দেয়া পর্যন্ত সব বর্মের ক্লাস ও পরীক্ষা বর্জন চলবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।